হরিণাকুণ্ডুতে বিভিন্ন অপরাধে ৩ জন গ্রেফতার

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে মোবাইল চুরি করার অপরাধে ২ জন ও ওয়ারেন্ট ভুক্ত এক আসামীসহ মোট ৩ জনকে গ্রেফতার করেছে থানা ও ফাঁড়ীর পুলিশ।

গত বৃহস্পতিবার রাতে থানা অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুর রহিম মোল্লার নির্দেশে রাত ৮ টায় দিকে জোড়াদাহ পুলিশ ক্যাম্পের আইসি মোঃ টিটু আলী জোড়াদাহ কলেজের পাশ থেকে জোড়াদাহ কামার পাড়ার লাল মন্ডলের ছেলে সোহাগ ইসলাম এবং একই গ্রামের আনোয়ার হোসেনের ছেলে সোহেল রানা কে গ্রেফতার করে এবং চুরাই মোবাইল উদ্ধার করে।

এছাড়াও একই রাতে হরিণাকুণ্ডু থানার এসআই জগদীশ চন্দ্র বসুর নেতৃত্বে হরিণাকুণ্ডু পৌর এলাকা থেকে সিআর ওয়ারেন্ট ভুক্ত আসামী আব্দুল আলীমকে গ্রেফতার করে সে একই গ্রামের মুজিবর রহমানের ছেলে।

ঝিনাইদহে বিশ্ব ডিম দিবস পালিত

‘প্রতিদিন ডিম খাই, রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াই’ এই স্লোগানে ঝিনাইদহে বিশ্ব ডিম দিবস পালিত হয়েছে। গতকাল শুক্রবার সকালে শহরের পোষ্ট অফিস মোড়ে এই আয়োজন করে জেলা প্রাণী সম্পদ অধিদপ্তর।

অনুষ্ঠানের মেভেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

এ সময় উপস্থিত ছিলেন জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. আনন্দ কুমার অধিকারী, সদর উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. সুব্রত ব্যনার্জী, আকরাম হোসেনসহ প্রাণী সম্পদ কর্মকর্তাবৃন্দ।

ডিম দিবসে সার্বিক সহযোগিতায় ছিলো ম্যানুফ্যাকচারার্স এ্যাসোসিয়েশন অফ ভেটেরিনারি নিউট্রিশন এন্ড প্রিমিক্স,

পোল্ট্রি এ্যাসোসিয়েশন ও ভেট এক্সিকিউটিভ।

পরে শহরের পোষ্ট অফিস মোড়, আরাপপুর সহ বিভিন্ন স্থানে মানুষের মাঝে দেড় হাজার সিদ্ধ ডিম বিতরণ করা হয়।

প্রতিবন্ধী পরিবারের পাশে দাড়ালেন ঝিনাইদহের আরিফা ইয়াসমিন লিম্পা

ঝিনাইদহ শহরের সবার পরিচিত মানসিক প্রতিবন্ধী ইঞ্জিলের পরিবার এখন বড়ই অসহায়, ফেইস বুকে এমন একটা পোস্ট দেখে সহযোগীতার হাত বাড়াতে এগিয়ে এলেন আরিফা ইয়াসমিন লিম্পা।

তিনি জানান, হঠাৎ একদিন ফেইসবুক থেকে জানলাম “ঝিনাইদহ সদর উপজেলার ১৪নং ঘাড়শাল ইউনিয়নের ঘোড়শাল মধ্যপাড়া জামে মসজিদের পাশেই মো: আতিয়ার রহমানের একমাত্র মাথা গোঁজার ছোট্ট কুড়ে ঘরটি আর নেই। আকস্মিক ভাবেই ভেঙ্গে গেছে ঘরটি।

অভাবের তাড়নায় সম্ভব হচ্ছেনা নতুন একটি ঘর তোলার। আতিয়ার রহমানের বড় ছেলে মানসিক রোগি ইঞ্জিল, ছোট ছেলে আজিজুর রহমান সহ পরিবারের ৪ জন সদস্য নিয়ে দৈনিক জীবন সংগ্রামে কোন রকম বেঁচে আছে এ পরিবারটি। করোনা কালীন সময়ে খুবই সংকটাপন্ন অবস্থায় এখন পরিবারটি।

তিনি বলেন, ভাবলাম এসব কাজে অনেক লোক এগিয়ে আসবে কয়েকদিনের মধ্যেই হয়তো তাদের ঘর হয়ে যাবে। কিন্তু কিছুদিন পরও দেখি সেটা হয়নি, ১৫ কি.মি পাড়ি দিয়ে দেখতে গেলাম ঐ গ্রামে। যেয়ে দেখলাম পরিবারটি আসলেই খুব কষ্টে দিনযাপন করছে। গ্রামের সবাই বলেছে ওদের মতো অসহায় ঐ গ্রামে আর কোন পরিবার নেই।

বাসাই ফিরে এসে আমার প্রানের সংগঠন ’৯৯ ব্যাচের বন্ধুদের স্বরন করি। প্রথম থেকেই খুব হতাশ ভাবছিলাম পারবোতো? আল্লাহর কৃপায় একটি ঘর করার জন্য গত ৮অক্টোবর ঢেউটিন আর নগদ কিছু টাকা দিতে

পারলাম। আমি আবারো আমার ৯৯ ব্যাচের যে কইজন বন্ধু এগিয়ে এসেছে এবং আমাকে কাজটি করতে সহোযোগিতা করেছে তাদের কাছে চিরকৃতজ্ঞ।

লিম্পা আরও বলেন, আমি ঝিনাইদহ পৌরসভার মেয়র আলহাজ্ব সাইদুল করিম মিন্টু ভাই এর হাত দিয়ে তাদেরকে সহোযোগিতা করতে পেরে বেজায় খুশি। তিনি মেয়র মহোদয়কে বলেন, ঐ এলাকার চেয়ারম্যান, মেম্বরদের একটু বলতে। তারা যেনো চোখ বন্ধ করে না থেকে এমন অসহায় পরিবারের দিকে একটু সহোযোগিতার হাত বাড়িয়ে দেয়।

এ প্রসঙ্গে মেয়র সাইদুল করিম মিন্টু লিম্পাকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সমাজের বিত্তবানদের এ ধরণের সহযোগীতা মূলক কাজে এগিয়ে আসার আহবান জানান।

কালীগঞ্জে রায়গ্রাম ইউপির গ্রামীণ সড়কের বেহাল দশা!

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার রায়গ্রাম ইউনিয়নের বুজরুক মুন্দিয়া, হাজিপুর মুন্দিয়া ও আগমুন্দিয়া গ্রামের মধ্যকার প্রায় আড়াই কিলোমিটার গ্রামীণ সংযোগ সড়কের বেহাল অবস্থা। সরেজমিনে গিয়ে দেখা যায়, রাস্তার বিভিন্ন স্থানে ইট ভেঙে গিয়ে বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে, বিভিন্ন স্থানে রাস্তা ভেঙে রাস্তার পার্শ্ববর্তী পুকুরের সাথে মিশে গেছে।

এমন অবস্থায় এই রাস্তা দিয়ে চলাচল কারী তিনটি গ্রামের প্রায় ৫ হাজার মানুষের চলাচলে অসুবিধা তৈরী হয়েছে।

রাস্তায় চলাচলকারীরা জানান, রাস্তা তৈরির পর আর কখনো সংস্কার করা হয়নি এটি, চেয়ারম্যানরা বারবার আশ্বাস দিলেও আজ পর্যন্ত কোনো কাজ করেনি। গ্রামের মানুষ নিজেদের টাকায় ইট ফেলে রাস্তাটি কোনো রকমে চলাচলের যোগ্য করে রেখেছে। বর্ষা হলে বিভিন্ন জায়গায় কাদা পানি জমে চলাচল করা দুষ্কর হয়ে যায়, কাদায় পিছলে সাইকেল, মোটরসাইকেল আরোহীরা দূর্ঘটনায় পড়ছে।

রাস্তার মেরামত কাজ বা নতুন করে রাস্তা তৈরির বিষয়ে জানতে ৭নং রায়গ্রাম ইউনিয়নের চেয়ারম্যান আলী হোসেন অপুর সাথে মুঠোফোনে বাবরবার যোগাযোগের চেষ্টা করলেও তিনি ফোনটি রিসিভ করেননি।

ঝিনাইদহ – চুয়াডাঙ্গা মহাসড়কটি যেন মৃত্যু ফাঁদ!

ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের বিভিন্ন স্থান এখন মৃত্যু ফাঁদে পরিণত হয়েছে। দেখে বোঝার উপায় নেই যে এটি একটি মহাসড়ক। মহাসড়কটির বেশীরভাগ স্থান-ই ছোট-বড় গর্তে পরিপূর্ণ, প্রায়ই ঘটছে দূর্ঘটনা। মহাসড়কটির ডাকবাংলা ত্রিমোহনী অংশে রাস্তার মাঝখানে উড়ছে লাল পতাকা। দেখেই বোঝা যাচ্ছে এখানে বিপদ!

ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের উত্তর নারায়নপুর ত্রিমোহনী থেকে শুরু করে ডাকবাংলা বাজার পর্যন্ত রাস্তায় বিশাল আকারের বড় বড় গর্ত তৈরী হয়েছে। তার মধ্যে উত্তর নারায়নপুর ত্রিমোহনী ইসলামি হাসপাতাল সংলগ্ন বকুল মেটাল ও লিটন স্টিল হাউজের সামনের গর্তটি সবচেয়ে ভয়াবহ! এখানে প্রতিদিন কোনো না কোনো ছোট-বড় দূর্ঘটনা ঘটেই চলেছে। তাই সাধারণ পথচারীদের সাবধানতার জন্যই এই পতাকা উড়িয়েছেন স্থানীয়রা।

এই বিষয়ে ইসলামী প্রাইভেট হাসপাতালের মালিক ও ৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ বলেন, ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের এই রাস্তাটি দিয়ে প্রতিদিন হাজার হাজার গাড়ি যাতায়াত করে। এই রাস্তাটি খুবই গুরুত্বপূর্ণ একটি রাস্তা। রাস্তাটি দিয়ে ঢাকা, চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান সহ সম্পূর্ণ বাংলাদেশেই যাতায়াত করা যায় এবং এটি মুজিবনগর যাওয়ার অন্যতম একটি রাস্তা। রাস্তাটি খুবই গুরুত্বপূর্ণ তাই দ্রুত রাস্তাটি সংস্কার করা প্রয়োজন বলে তিনি মনে করেন।

পথচারী মোঃ রিপন মিয়া বলেন, প্রতিদিনই এখানে দূর্ঘটনা ঘটে এবং প্রায়ই মোটরসাইকেল দূর্ঘটনা ঘটছে বলে তিনি জানান।

ট্রাক ড্রাইভার মোঃ সদা বলেন, মালবাহী গাড়ীগুলো যাওয়ার সময় তাদের বেশী সমস্যার মধ্যে পড়তে হয় এবং যেকোনো সময় বড় ধরনের দূর্ঘটনা ঘটতে পারে বলে তিনি মনে করেন।

এ বিষয়ে জানার জন্য ঝিনাইদহ সড়ক ও জনপদ বিভাগের নির্বাহী প্রকৌশলী মোঃ জিয়াউল হায়দার যার মোবাইল নং ০১৭৩০-৭৮২৭৭০ এ কয়েক বার যোগাযোগ করা হলে, প্রতিবারই তিনি মিটিং এ আছেন বলে এই বিষয়ে মন্তব্য করা থেকে বিরত থাকেন।

পরবর্তীতে উপ সহকারী প্রকৌশলী মোঃ গোলাম সারোয়ার-এর সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলেও তাকে মুঠোফোনে পাওয়া যায়নি। দ্রুত সমস্যা সমাধানের জন্য ঝিনাইদহের কর্তৃপক্ষের সুদৃষ্টির অপেক্ষায় প্রহর গুনছেন পথচারীগণ।

১০ অক্টোবর কালীগঞ্জ পৌরসভার ৫নং ওয়ার্ডের উপ নির্বাচন

ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভার ৫নং ওয়ার্ডের কাউন্সিলর পদে উপ-নির্বাচন আগামী ১০ অক্টোবর অনুষ্ঠিত হবে।
জেলা নির্বাচন অফিস ইতিমধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করেছেন। এর আগে একবার ভোটগ্রহণের তারিখ ঘোষণা করা হলেও করোনা ভাইরাসের কারণে আর ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়নি।

ঝিনাইদহ জেলা নির্বাচন অফিসার মোঃ রোকনুজ্জামান জানান, গত বছরের ২২ সেপ্টেম্বর কালীগঞ্জ পৌরসভার মেয়র মকছেদ আলী বিশ্বাস মৃত্যুবরণ করলে ৫নং ওয়ার্ডের কাউন্সিলর আশরাফুল আলম মেয়র পদে নির্বাচিত হওয়ার পর পদটি শূন্য হয়। আগামী ১০ আগস্ট এ পদের ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

উক্ত নির্বাচনে চারজন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন, তারা হলেন সাবেক কাউন্সিল মিজানুর রহমান (ডালিম মার্কা), মনিরুজ্জামান রিংকু (পানির বোতল), আলমগীর হোসেন (পাঞ্জাবী) ও নাছিম হোসেন (উটপাখি)।

মনিরুজ্জামান রিংকু বলেন, ভোট সুষ্ঠ, সুন্দর হলে তিনি জয় যুক্ত হবেন বলে আশাবাদী, তরুণ সমাজ তার পক্ষে আছে বলে তিনি জানান।

কোটচাঁদপুরে “শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক” কর্মশালা অনুষ্ঠিত

“শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রম (৫-পর্যায়)” শীর্ষক প্রকল্পের আওতায় ঝিনাইদহের কোটচাঁদপুরে ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

জেলা তথ্য অফিসের আয়োজনে ও কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের সহযোগিতায় গতকাল বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদ সভাকক্ষে দিনব্যাপী এই কর্মশালা অনুষ্ঠিত হয় ।

কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ ওরিয়েন্টেশন কর্মশালায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি। কর্মশালায় সূচনা বক্তব্য রাখেন, জেলা তথ্য অফিসার আবু বকর সিদ্দিক।

এছাড়াও নিরাপদ মাতৃত্ব মা ও শিশু স্বাস্থ্য পরিচর্জা এবং করোনাকালীন স্বাস্থ্য বিধি সর্ম্পকে আলোচনা করেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক ডাঃ জান্নাতুল বুশরা।

অনুষ্ঠানে মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সি ফিরোজা সুলতানা, নারী তথ্যসেবা আপা, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, শিক্ষক, এনজিও কর্মী, জনপ্রতিনিধি, ইমাম ও মিডিয়া কর্মীরা অংশ গ্রহন করেন।

ঝিনাইদহে ধর্ষণ ও শিশু নির্যাতনের প্রতিবাদে মানববন্ধন

দেশব্যাপী নারী ও শিশু নির্যাতনের প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালন অব্যাহত রয়েছে।
গতকাল বৃহস্পতিবার সকালে শহরের বিভিন্ন পয়েন্টে রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠন এই কর্মসূচীর আয়োজন করে। শহরের এইচএসএস সড়কে জেলা বিএনপি কার্যালয়ের সামনে কর্মসূচীর আয়োজন করে বিএনপি। এতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেয়। এতে জেলা বিএনপির আহ্বায়ক অ্যাড. এস এম মশিয়ুর রহমানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এসময় বক্তারা বলেন, সরকারের ব্যার্থতার কারণেই দেশব্যাপী নারী ও শিশু নির্যাতন। সরকার ধর্ষণ-নারী নির্যাতন বন্ধ করতে পারছে না। ব্যার্থতার এই গ্লানি নিয়ে সরকারের পদত্যাগের দাবী জানান তারা।

অপরদিকে, একই দাবিতে শহরের পায়রাচত্বরে মানববন্ধন কর্মসূচীর আয়োজন করে জলা নাট্য সমন্বয় পরিষদ। ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতাকর্মীসহ সাংস্কৃতিক কর্মীরা অংশ নেয়।

এসময় বক্তব্য রাখেন, জেলা নাট্য সমন্বয় পরিষদের সভাপতি রুবেল পারভেজ, সাধারণ সম্পাদক তারেক হোসেন পল্লব, ঝংকার শিল্পী গোষ্ঠির পরিচালক শান্ত জোয়ার্দ্দার, সিও সংস্থার নির্বাহী পরিচালক সামসুল আলম, ঝিনেদা থিয়েটারের সভাপতি একরামুল হক লিকু, অংকুর নাট্য একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস, বিহঙ্গের সাধারণ সম্পাদক শাহিনুর রহমান লিটন, উই এর শরিফা খাতুনসহ অন্যান্যরা।

বক্তারা, ধর্ষণের বিচার আইন সংশোধন করে দ্রুত এবং সর্বোচ্চ শাস্তি মৃত্যুদন্ড দেওয়ার দাবী জানান।

ঝিনাইদহের রাধানগর গ্রামে এক যুবককে কুপিয়ে জখম করেছে দুর্বৃত্তরা

ঝিনাইদহের সদর উপজেলার সাগান্না ইউনিয়নের রাধানগর গ্রামের সাজ্জাদুর রহমান শিলু নামে এক যুবককে এলোপাতাড়ি কুপিয়ে জখম করেছে একই গ্রামের কিছু দূর্বৃত্তরা। সাজ্জাদুর রহমান শিলু সাগান্না ইউনিয়নের সাবেক মেম্বার মোঃ শরিফুল ইসলামের বড় ছেলে।

শিলুর বাবা শরিফুল ইসলাম ও প্রত্যক্ষদর্শীদের কাছ থেকে জানা যায় গতকাল বৃহস্পতিবার সন্ধ্যার পর নদীর ধারে ওত পেতে থাকা রাধারনগর গ্রামের ওয়াজেদ আলী ছেলে রাজিব, আব্দারের ছেলে আল আমিন, আজ্জেদের ছেলে সিরাজুল ইসলাম ও আব্দার হোসেনসহ বেশ কয়েকজন যুবক ধারালো অস্ত্র দিয়ে মাথায় ও হাতে এলোপাতাড়ি কুপিয়ে জখম করেছে সাজ্জাদুর রহমান শিলুকে।

পূর্বশত্রুতার জেরধরে গ্রামে আধিপত্ত বিস্তারকে কেন্দ্র করে এই ঘটনা ঘটিয়েছে বলে এলাকাবাসীরা জানিয়েছে। তারা আরও জানান থানায় রাজিবের নামে ইফটিজিংসহ একাধিক অভিযোগ রয়েছে।
শিলু বর্তমানে ঝিনাইদহ সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। মামলার প্রক্রিয়া চলছে বলেও স্বজনদের কাছ থেকে জানা গেছে।

কোটচাঁদপুর সরকারি কলেজ খেলার মাঠে নতুন ভবন নির্মানের

প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহের কোটচাঁদপুর সরকারি কে.এম.এইচ কলেজের খেলার মাঠ ক্ষতি করে নতুন ৬ তলা বিশিষ্ট ভবণ নির্মানের প্রতিবাদে মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা ১১ টার দিকে কলেজ বাসষ্ট্যান্ডের প্রধান সড়কে এই মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ সময় বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগ সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র জাহিদুল ইসলাম জাহিদ, শিক্ষক মহিদুল ইসলাম লাল, উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি শেখ শাহীন, ক্রীড়া সংগঠক রায়হান চেীধুরী, মিল্লাত হোসেন, কাজী জনি, ও মারুফ হোসেন প্রমূখ।

সমাবেশে বক্তারা কলেজের খেলার মাঠ ক্ষতিগ্রস্থ না করে অন্যস্থানে নতুন ৬ তলা বিশিষ্ট একাডীমিক ভবন নির্মানের দাবী জানান।

উল্লেখ্য, গত ৪ অক্টোবর আনুষ্ঠানিক ভাবে কলেজের নতুন ৬ তলা বিশিষ্ট ভবণের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। কলেজের অধ্যক্ষ প্রফেসর অনুতোষ কুমারের সভাপতিত্বে এ অনুষ্ঠানে ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ৬ তলা ভবন নির্মানের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।